পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম

Address : 'AMBAR' DD 27 E, Sector 1, Salt Lake City, Kolkata-64
Contact : 4004-7469/7468, Fax :2321-0629, Website: www.wbmdfc .org

সংখ্যালঘু সম্প্রদায়ের (মুসলিম/শিখ/খ্রিস্টান/বৌদ্ধ/পারসি/জৈন) উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি ও প্রকল্পসমূহ

কার্যাবলি : স্বনিযুক্তি উদ্যোগে ঋণ প্রদান, পেশাগত শিক্ষার জন্য ঋণ প্রদান, বিভিন্ন স্টাইপেন্ড ও স্কলারশিপ প্রদান, বৃত্তিমূলক প্রশিক্ষন কর্মসূচি ও চাকরির জন্য কোচিং প্রদান।

টার্গেট গ্রুপ : সংখ্যালঘু সম্প্রদায়ের (মুসলিম / শিখ / খ্রিস্টান / বৌদ্ধ / পারসি / জৈন) মানুষদের জন্য ১)স্বনিযুক্তি প্রকল্পের ক্ষেত্রে - ১৮ থেকে ৫০ বছর বয়ঃসীমার মধ্যে এবং এঁদের পরিবারের সর্বমোট বার্ষিক আয় হতে হবে-১) গ্রাম্য এলাকার জন্য ৮১,০০০ টাকার মধ্যে, এবং ২) শহর এলাকার জন্য ১,০৩,০০০ টাকার মধ্যে।

প্রকল্পসমূহ : টার্ম লোন প্রকল্প: ১) সর্বাধিক এক লক্ষ টাকা পর্যন্ত এবং ২) এক লক্ষ টাকার উর্দ্ধে কিন্তু পাঁচ লক্ষ টাকার মধ্যে। সর্বপ্রকার লোনের জন্য গ্যারান্টার থাকা আবশ্যিক। সারা বছর ধরে দরখাস্ত জমা নেওয়া হয় বিডিও অথবা পঞ্চায়েত সমিতির অফিসগুলিতে (গ্রাম্য এলাকার জন্য) এবং এসডিও অফিসে (শহর এলাকার জন্য)। দরখাস্ত জমা দিতে হবে যথাযথভাবে। পাঁচ বছরের মধ্যে মোট কুড়িটি কিস্তিতে লোন পরিশোধ করতে হবে। বার্ষিক সুদের হার ৬%।

স্বনির্ভর গোষ্ঠীর জন্য সরাসরি ঋণ প্রকল্প : বিভিন্ন স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের অর্থনৈতিক কার্যকলাপের উন্নতির জন্য বার্ষিক ৬% সুদের হারে ১৮ থেকে ২৪ মাসে পরিশোধযোগ্য ঋণ দেওয়া হয়। দরখাস্তকারীগণ ফিল্ড সুপারভাইজারের মাধ্যমে দরখাস্ত জমা দেবেন।

সংখ্যালঘু মহিলা ক্ষমতায়ন প্রকল্প : বিভিন্ন স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের অর্থনৈতিক কার্যকলাপের উন্নতির জন্য বার্ষিক ৩% সুদের হারে ১৮ থেকে ২৪ মাসে পরিশোধযোগ্য ঋণ দেওয়া হয়। এই প্রকল্পটিতে সর্বাধিক সদস্যপ্রতি ১৫,০০০ টাকা পর্যন্ত অনুদান প্রদান করা হয়। সারা বছর ধরে ফর্ম দেওয়া হয়। বিডিও অফিসে এবং মিউনিসিপালিটি অফিসে দরখাস্ত জমা নেওয়া হয়।

শিক্ষা ঋণ : মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ম্যানেজমেন্ট এবং নার্সিং ইত্যাদি ক্ষেত্রে ভারতবর্ষে পাঠরত ছাত্র / ছাত্রীদের জন্য প্রতি বছরে সর্বাধিক দুই লক্ষ টাকা পর্যন্ত এবং বিদেশে পাঠরতদের জন্য সর্বাধিক প্রতি বছরে চার লক্ষ টাকা পর্যন্ত শিক্ষা ঋণ দেওয়া হয়। নির্ধারিত সময়ের মধ্যে ঋণ পরিশোধ করলে কোনোরকম সুদ নেওয়া হয় না। প্রত্যেক বছর জুন-জুলাই মাসে অনলাইনের মাধ্যমে দরখাস্ত জমা নেওয়া হয়।(website:www.wbmdfc.net).

মেরিট - কাম- মিনস স্কলারশিপ : এই প্রকল্পে সর্বাধিক প্রতি বছর ৩০,০০০ টাকা দেওয়া হয় গরিব এবং মেধাবী ছাত্রছাত্রীদের স্নাতকোত্তর পেশাদারি/কারিগরি কোর্সে শিক্ষা গ্রহনের জন্য। প্রতি বছর জুলাই-আগস্ট মাসে অনলাইনে ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত জমা নেওয়া হয়।(website:http:scholarship.gov.in).

পোস্ট - ম্যাট্রিক স্কলারশিপ: একাদশ শ্রেণী থেকে পিএইচডি পর্যন্ত পড়াশুনা করার জন্য গরিব ও মেধাবী ছাত্র ছাত্রীদের এই স্কলারশিপ দেওয়া হয়। প্রতি বছর ছাত্র-ছাত্রী পিছু সর্বাধিক ১০,০০০ টাকা দেওয়া হয়। বিগত পরীক্ষায় ন্যুনতম ৫০% নম্বর পেলে এই স্কলারশিপের জন্য আবেদন করা যেতে পারে। ৩০% স্কলারশিপ ছাত্রীদের জন্য সংরক্ষিত। প্রতি বছর জুলাই - আগস্ট মাসে অনলাইনে ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত জমা নেওয়া হয়। (website : http:/scholarship.gov.in)

পোস্ট-ম্যাট্রিক স্টাইপেন্ড (ট্যালেন্ট সাপোর্ট প্রোগ্রাম): বিগত পরীক্ষায় যারা ৫০% এর কম নম্বর পেয়ে সরকারি / বেসরকারি স্কুল / কলেজ / বিশ্ববিদ্যালয়ে একাদশ শ্রেণী বা প্রথম বর্ষে স্নাতকস্তরে বা স্নাতকোত্তর স্তরে পাঠরত, তারা এই স্কলারশিপের জন্য আবেদন করতে পারেন। যে সমস্ত গবেষকরা এমফিল বা পিএইচডি করছেন কিন্তু কোনো বিশ্ববিদ্যালয় বা অন্য কোনো প্রতিষ্ঠান থেকে কোনোরকম ফেলোশিপ পাননি, তাঁরাও আবেদন করতে পারে। এর জন্য বার্ষিক পারিবারিক সর্বোচ্চ আয় হতে হবে দুই লক্ষ টাকার মধ্যে। একাদশ ও দ্বাদশ শ্রেণীর জন্য প্রতি বছরে ২৫৫০ টাকা, স্নাতকস্তরের জন্য ৪৮০০ টাকা এবং স্নাতকোত্তর স্তরের জন্য ৪৯০০ টাকা করে (সর্বাধিক) স্কলারশিপ প্রদান করা হয়। ৩০% স্কলারশিপ ছাত্রীদের জন্য সংরক্ষিত। প্রত্যেক বছর জুন-জুলাই মাসে দরখাস্ত জমা নেওয়া হয়।

প্রি-ম্যাট্রিক স্কলারশিপ: প্রথম শ্রেণী থেকে দশম শ্রেণীতে পাঠরত ছাত্র-ছাত্রীরা এই স্কলারশিপের জন্য আবেদন করতে পারবে। এর জন্য প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত যোগ্য ছাত্র-ছাত্রীদের প্রতি বছরে ১০০০ টাকা করে, ষষ্ঠ থেকে দশম শ্রেণীর জন্য প্রতি বছরে ১২৪০ টাকা করে (ডে স্কলারদের জন্য) এবং ৬২৪০ টাকা করে (হস্টেলে আবাসিকদের জন্য) স্কলারশিপ দেওয়া হয়। প্রতি বছর জুন - জুলাই মাসে অনলাইনে ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত জমা নেওয়া হয়।(website:http:scholarship.gov.in).

হাজি মহম্মদ মহসীন ইনডাউমেন্ট ফান্ড স্কলারশিপ: দশম শ্রেণী উত্তীর্ণ মুসলিম ছাত্র-ছাত্রীদের উচ্চশিক্ষার অগ্রগতির জন্য মেধার ভিত্তিতে একশো জনকে এককালীন ২০,০০০ টাকা করে এই বৃত্তি দেওয়া হয়। প্রতি বছর মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ প্রথম সত্তর জনকে, হাই মাদ্রাসা পরীক্ষায় উত্তীর্ণ প্রথম কুড়ি জনকে এবং আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রথম দশ জনকে এই বৃত্তি দেওয়া হয়।

ভোকেশনাল ট্রেনিং প্রোগ্রাম: বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় ছাত্র-ছাত্রীদের বিভিন্ন নামী প্রতিষ্ঠানে (যেমন- ECIL, EDCIL, IIM, NIPS, ICA, EPITOME ইত্যাদি) প্রশিক্ষণ দেওয়া হয়। বিশদ বিবরনের জন্য নীচের ওয়েবসাইট দ্রষ্টব্য।

চাকরীর জন্য কোচিং : স্কুল সার্ভিস কমিশন ও মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে শিক্ষক নিয়োগের পরীক্ষায় প্রস্তুতির জন্য বিনা খরচায় যোগ্য ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষণ দেওয়া হয়। এ ব্যাপারে বিজ্ঞাপনের মাধ্যমে বা নিগমের ওয়েবসাইটের মাধ্যমে প্রার্থীদের অবগত করা হয়।

জেলাশাসককরণ
সংখ্যালঘু বিষয়ক ও সংখ্যালঘু উন্নয়ন দপ্তর
সংখ্যালঘু ভবন, মালদা
দূরভাষ : ০৩৫১২-২২৩৭৫৬

বিস্তারিত যোগাযোগের জন্য

অম্বর, ডি ডি - ২৭ই, সেক্টর ১, সল্টলেক সিটি
কলকাতা : ৭০০০৬৪
দূরভাষ : ৪০০৪- ৭৪৬৯ /৭৪৬৮
ফ্যাক্স : ২৩২১ -০৬২৯
ওয়েবসাইট : www.wbmdfc.org

Pl. Circulation on the Notice Board and College web site.

26/5/17

Principal
Gour Mahavidyalaya
Mangalbari, Malda